

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ২২, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
পুলিশ শাখা-২  
প্রজ্ঞাপন

তারিখ : ০২ আষাঢ়, ১৪২৩ বঙ্গাব্দ/১৬ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং ১৯৮/আইন/২০১৬।—Armed Police Battalions Ordinance, 1979 (Ord. No. XXV of 1979) এর Section 14 এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার আর্মড পুলিশ ব্যাটালিয়ন বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালায় বিধি ১০ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(১) মহাপুলিশ পরিদর্শক বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা বাহিনীর কোন সদস্যকে পুলিশের অন্য কোন বিভাগে বদলী করিতে পারিবেন :

তবে শর্ত থাকে যে, নিম্নের টেবিলের কলাম (২) এ উল্লিখিত পদে অধিষ্ঠিত কোন সদস্যের ক্ষেত্রে উক্ত পদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত চাকরির মেয়াদ পূর্ণ না হইলে বদলি করা যাইবে না, যথা :—

‘টেবিল’

নং	পদের নাম	চাকরির মেয়াদ
(১)	(২)	(৩)
১।	প্লাটুন অধিনায়ক	২০ বৎসর
২।	সেকশন অধিনায়ক	১৮ বৎসর
৩।	নায়ক	১০ বৎসর কিংবা পদোন্নতিপ্রাপ্তি হইতে ৩ বৎসর পর্যন্ত; যেটি পরে ঘটে সেই সময় পর্যন্ত
৪।	আর্মড পুলিশম্যান	৬ বৎসর

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ মোজাম্মেল হক খান  
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

( ১০৭৪৭ )

মূল্য : টাকা ৪.০০